

# আজকালের খবর

The Daily Ajkaler khobor



www.ajkalerkhobor.com



dailyajkalerkhobor



Ajkalerkhoborbd

শুক্রবার • ২০ জুলাই ২০১৮ • ৫ শ্রাবণ ১৪২৫ • ৬ জিলকদ ১৪৩৯



## ড্যাফোডিল ইউনিভার্সিটিতে ক্যারিয়ার এক্সপো

● নিউজ ডেস্ক

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ, এমপি বলেছেন, সন্তানের পর একটি মানুষের পরবর্তী স্বপ্নই হচ্ছে একটি বাড়ী আর বাংলাদেশের প্রতিটি মানুষের এটি সাংবিধানিক অধিকার। বর্তমান সরকার প্রতিটি নাগরিকের আবাসন ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি আরো বলেন, আমাদের খাদ্যের স্বয়ংসম্পূর্ণতা অব্যাহত রেখে কৃষি জমি রক্ষা করেই আবাসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। আর এ ক্ষেত্রে পরিবেশ সংরক্ষণের বিষয়টিও নিশ্চিত করতে হবে। তিনি গতকাল বৃহস্পতিবার ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ও রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)-এর যৌথ আয়োজনে বিশ্ববিদ্যালয়ের ৭১ মিলনায়তনে আয়োজিত 'ডিআইইউ রিয়েল এস্টেট ক্যারিয়ার এক্সপো ২০১৮' এর উদ্বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন।

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রিহ্যাবের সভাপতি আলমগীর শামসুল আলামিন। অনুষ্ঠানে 'বাংলাদেশের অর্থনীতিতে আবাসনশিল্পের অবদান' শীর্ষক মূলপ্রবন্ধ উপস্থাপন করেন শেলটেক প্রাইভেট লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ড. তৌফিক এম সিরাজ। বক্তব্য রাখেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মাহবুবুল হক মজুমদার, বাণিজ্য ও অর্থনীতি অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মাসুম ইকবাল, ডিপার্টমেন্ট অব রিয়েল এস্টেট এর বিভাগীয়

প্রধান ও সহকারী অধ্যাপক নূরুল মোহাম্মদ জায়েদ, ক্যারিয়ার ডেভেলপমেন্ট সেন্টারের পরিচালক আবু তাহের খান, গৃহনির্মাণ প্রতিষ্ঠান টোকিওর ব্যবস্থাপনা পরিচালক মুমতাজুল করিমসহ দেশের শীর্ষস্থানীয় আবাসন প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠানে 'বিজনেস প্রপোজাল কম্পিটিশন' বিজয়ী শিক্ষার্থীদের হাতে সনদ তুলে দেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ। আবাসন শিল্পে ক্যারিয়ারের সুযোগ ও সম্ভাবনা সম্পর্কে শিক্ষার্থীদেরকে অবহিত করার লক্ষ্যে এবং ইন্ডাস্ট্রি-একাডেমির মধ্যে সংযোগ স্থাপনের উদ্দেশ্যে এ ক্যারিয়ার এক্সপোর আয়োজন করা হয়। এতে দেশের শীর্ষস্থানীয় বিশিষ্ট রিয়েল এস্টেট প্রতিষ্ঠান স্টল সাজিয়ে অংশ নেয়। এছাড়া আবাসন শিল্পের চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ সম্ভাবনা নিয়ে একটি গোলটেবিল আলোচনায় অংশ নেন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ, এমপি আরো বলেন, 'আমরা যখন বিশ্ববিদ্যালয়ে পড়েছি তখন বিশ্ববিদ্যালয় ওধু পড়ালেখা শিখিয়ে বের করে দিত, ক্যারিয়ার নিয়ে চিন্তাভাবনা করত না। এখন বিশ্ববিদ্যালয়গুলো ছেলেমেয়েদের চাকরি নিয়েও ভাবছে। এটা অবশ্যই প্রশংসাসংযোগ্য উদ্যোগ। এসময় তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, পড়ালেখা সম্পন্ন করে তোমরা যারা রিয়েল এস্টেট সেটরে ক্যারিয়ার গড়তে চাও অথবা রিয়েল এস্টেট উদ্যোক্তা হতে চাও তাদেরকে অবশ্যই পরিবেশের বিষয়টি মাথায় রাখতে হবে। বিজ্ঞপ্তি